

মদির স্বপনে মম বন-ভবনে
জাগো চঞ্চলা বাসন্তিকা ওগো ক্ষণিকা
ওগো ক্ষণিকা
মোর গগনে উষ্কার প্রায়
চমকি ক্ষণেক চকিতে মিলায়
তোমার হাসির খুঁই-কণিকা।
ওগো ক্ষণিকা, ওগো ক্ষণিকা ॥
পুষ্প-ধনু তব মন-রাঙানো
বঙ্কিম ভুরু হানো হানো!
তোমার উতল উত্তরীয়
আমার চোখে প্রিয় ছুঁয়ে দিও,
যৌবনের দাও রাজটীকা।
ওগো ক্ষণিকা, ওগো ক্ষণিকা ॥